গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ০৯/১১/২০২৩

# ২০২০ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ ফরমপূরণের বিজ্ঞপ্তি

২০২০ সনের ৩য় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহনেচ্ছুক পরীক্ষার্থীদের ফরম পূরণ ০৮/১১/২০২৩ তারিখ হতে ১৬/১১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন হবে। ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য কলেজ অফিসের ১১৪ নং কক্ষে সকাল ১০.০০টা থেকে বিকাল ৩:০০ টার মধ্যে রশিদের মাধ্যমে নিম্নোক্ত ফি, ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বিএ, বিএসএস, বিবিএস এবং বিএসসি | ২২৩০/- |
| | মান উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ১,৩৮০/- |
| ০২ | ০২ বিষয় | ১,৪৮০/- |
| ০৩ | ০৩ বিষয় | ১,৫৮০/- |
| ০৪ | ০৪ বিষয় | ১,৬৮০/- |

*** ব্যবহারিক বিষয় থাকলে মূল টাকার সাথে প্রতি বিষয়ের জন্য অতিরিক্ত ২৫০/- টাকা জমা দিতে হবে।**

*** নির্ধারিত সময়: ০৯/১১/২০২৩ তারিখ হতে ১৬/১১/২০২৩ তারিখের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের কোনো সুযোগ থাকবে না।**

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd/formfillup.php) **Formfilup** বাটনে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ (এন্ট্রি ফরম) দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম (এন্ট্রি ফরম) প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

চলমান পাতা-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155



৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

**অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

i) ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬, ২০১৭ সনের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও সে সকল শিক্ষার্থীরা ২০১৮ সনে ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ এবং ২০১৯ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উক্ত দুই পরীক্ষার (২০১৮ ও ২০১৯ সনের ২য় বর্ষ) ফলাফল মিলে ৩য় বর্ষের প্রমোশনের শর্তাবলী **(২য় বর্ষে সকল পত্রে উপস্থিত হয়ে দকমপক্ষে ৩টি তত্ত্বীয় পত্রে D বা তার বেশি গ্রেড পেতে হবে)** পূরণ করে তারাও আলোচ্য ২০২০ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ii) ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ২০১৮, ২০১৯ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০২০ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে মানোন্নয়ন শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন। এ ছাড়াও ২০১৯ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় যারা নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২০ সনের সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।**

**সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য (২০০ নম্বর)**

i) ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা যারা সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ তারা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

****** ২০২০ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ২০১৩-২০১৪, ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে সেক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জরিমানা (ফরমপূরনের ফি এর অতিরিক্ত) প্রদান সাপেক্ষে শুধুমাত্র ৩য় বর্ষে "F" গ্রেড প্রাপ্ত কোর্সে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ

০১. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।

০২. টাকা পরিশোধের রশিদ।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:

০১. কলেজ নোটিশ বোর্ড

০২. বিভাগীয় প্রধান

০৩. সংরক্ষণ নথি।